

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ১৯/০৮/২০২১ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. পৌর উন্নয়নে নারীদের সম্পৃক্ত করণ সহ সকল পর্যায়ে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করণ প্রসংগে।
৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ১৮/০৭/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
পৌর উন্নয়নে নারীদের সম্পৃক্ত করণ সহ সকল পর্যায়ে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, পৌরসভার টেকসই উন্নয়ন নারীদের ব্যতিরেকে সম্ভব নয়। উন্নয়নের প্রতিটি ক্ষেত্রে নারীদের মতামত নেওয়া জরুরী। বর্তমান পরিষদ নারীদের অধিকার ও দায়িত্ব নিয়ে অনেক কাজ করেছে। পৌরসভার প্রতিটি কমিটিতে বিধি অনুযায়ী নারীদের অন্তর্ভুক্ত করা হয়েছে। নারীদের সচেতনতার জন্য উঠান বৈঠক, নারী সচেতনতামূলক র্যালী, নারীদের অধিকার আদায়ে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন ও পরিচালন, নারীদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদান ইত্যাদি কার্যক্রম অব্যাহত আছে। এরপরেও অনেক ক্ষেত্রে আমাদের দুর্বলতা রয়েছে। এখনো আমাদের সমাজে বাল্য বিবাহ হচ্ছে, নারী নির্যাতন ও যৌতুকের মত যখন্য কার্যক্রম এখন আমাদের সমাজে অব্যাহত আছে। এছাড়া শিক্ষার ক্ষেত্রে আমাদের মেয়ে শিশুরা অনেকটাই কম। আবার শিক্ষায় ঝড়ে পড়ার দিকে মেয়েদের প্রাধান্যই বেশি দেখা যায়। বিভিন্ন উন্নয়নমূলক কাজে নারীদের মতামত নিয়ে করলে সেটি নারীদের ব্যবহারের উপযোগী হয়। তাই পৌরসভার মেয়র মহোদয় এই বিষয়ে একটু তৎপর	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	<p>হলে অত্র পৌরসভার জেডার বিষয়ক কার্যক্রম আরোও জোরালো করা সম্ভব।</p> <p>সভায় মেয়র মহোদয় বলেন, মেহেরপুর পৌরসভায় বর্তমান পরিষদ নারীদের উন্নয়নে বদ্ধপরিকর। জেডার এ্যাকশন প্লান বাস্তবায়নে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌরসভা কাজ করে যাচ্ছে। আজকের সভায় সভাপতি মহোদয় যে সমস্যার কথাগুলি বললেন তা অবশ্যই গুরুত্বপূর্ণ। এই সমস্যার সমাধান একা মেয়রের পক্ষে করা সম্ভব নয়। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই সমস্যার সমাধান করতে হবে। তবে মেয়রের পক্ষ থেকে সর্বদা সহযোগিতা অব্যাহত থাকবে। তিনি এই বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।</p>	
বিবিধ	<p>জনাবা মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, বর্তমানে বিভিন্ন কর্মক্ষেত্রে শিশু শ্রমিকের হার বৃদ্ধি পেয়েছে। বিশেষ করোনার কারণে স্কুল/কলেজ বন্ধ থাকায় অনেক শিশু পড়াশোনা বাদ দিয়ে শ্রমিকে কাজে আত্মনিয়োগ করেছে। যা সমাজে একটি ভয়াবহ রূপ ধারণ করেছে। এর থেকে পরিত্রানের জন্য মেয়র মহোদয়ের নিকট অনুরোধ করেন।</p> <p>মেয়র মহোদয় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং আশংকাজনক। তিনি এ বিষয়ে সকল অভিভাবকদের সচেতন হওয়ার আহবান জানান। পাশাপাশি স্কুল/কলেজের ঝড়ে পড়া শিশুদের ক্লাসে ফিরিয়ে আনতে শিক্ষকদের ভূমিকার কথা বলেন। ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে শিশুদেরকে স্কুলে ফিরিয়ে আনতে হবে। বাল্য বিবাহের ক্ষেত্রে যথাযথ আইন প্রয়োগ করে রোধ করতে হবে। তিনি এ ব্যাপারে সকল পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।</p>	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হামিদা)

মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব, সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৯/০৮/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	স্বাক্ষর
৮	মেয়র মোঃ মাহফুজুর রহমান	CDA (UCCUP-3)	স্বাক্ষর
৯			